

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১৪০

আগরতলা, ৪ ডিসেম্বর, ২০২৫

টিবি মুক্তি ত্রিপুরা গড়ার লক্ষ্যে ত্রিপুরায় প্রথম রাজ্যস্তরের  
যৌথ টাক্স ফোর্স কমিটি গঠনের বৈঠক অনুষ্ঠিত

টিবি মুক্তি ত্রিপুরা গড়ার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তরের উদ্যোগে  
গতকাল মহাকরণের ২ নং কনফারেন্স হলে প্রথম রাজ্যস্তরের যৌথ টাক্স ফোর্স কমিটি  
গঠনের বৈঠক অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে।  
এ বৈঠকে স্বাস্থ্য, পঞ্চায়েত, গ্রামোন্নয়ন দপ্তর, ত্রিপুরা রুরাল লাইভলিভড মিশন সহ  
অন্যান্য দফতরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এছাড়াও বিভিন্ন এন জি ও-এর  
প্রতিনিধিরাও অংশ নেন।

ত্রিপুরাকে সম্পূর্ণভাবে “টিবি মুক্তি রাজ্য” হিসেবে গড়ে তুলতে রাজ্য সরকার  
একাধিক উদ্যোগ গ্রহণ করেছে। জাতীয় যক্ষ্মা নির্মূলীকরণ কর্মসূচির অধীনে বিভিন্ন  
দপ্তরের সমন্বয়ে রাজ্যে শক্তিশালী টাক্স ফোর্স গঠন করা হবে। জেলা ও ব্লক স্তরেও  
নজরদারি, সচেতনতা এবং পরিষেবা আরও সক্রিয় করা হবে।

টিবি রোগীদের দ্রুত শনাক্তকরণ, বিনামূল্যে চিকিৎসা এবং পুষ্টিসহায়তার (Nikshay Poshan Yojana) ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। এছাড়া পঞ্চায়েত,  
শিক্ষা, গ্রামোন্নয়ন দপ্তর, ত্রিপুরা রুরাল লাইভলিভড মিশন সহ বিভিন্ন দপ্তরকে যুক্ত  
করে টিবি প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তোলা হচ্ছে।

বৈঠকে রাজ্যের বিভিন্ন দফতরের সহযোগিতা এবং সরকারি-বেসরকারি  
অংশীদারদের ভূমিকা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সংশ্লিষ্ট সব দপ্তরকে যৌথভাবে  
কাজ করার ওপর জোর দেওয়া হয়, যাতে জনগণের কাছে স্বাস্থ্য পরিষেবা আরও  
ভালোভাবে পৌঁছে দেওয়া যায়। জাতীয় স্বাস্থ্য মিশন থেকে এক প্রেস রিলিজে এই  
সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*